নিহত দুই পরিবারের খোঁজ নিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সভাপতি বাবু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী গ্রামে নিহত ২ পরিবারের সার্বিক খোঁজখবর নিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সভাপতি ও বিজিএমই এর সভাপতি মাহমুদুল হাসান খান বাবু।

গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলার উথলী গ্রামের নিহত মিলটা ও হামজার বাড়িতে যেয়ে বিএনপি নেতাকর্মীদের সঙ্গে নিয়ে তাদের সার্বিক খোঁজখবর নেন।

এ সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সভাপতি মাহমুদ হাসান খান বাবু, সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম পিটু, জীবননগর উপজেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি আবুল কালাম আজাদ, জীবননগর উপজেলা ছাত্রদলের আহবায়ক জিল্লুর রহমানসহ স্থানীয় বিএনপি, ছাত্রদল, যুবদলের নেতাকর্মীগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ যে, গত ২০ সেপ্টেম্বর শনিবার সকালে গরুর জন্য মাঠে ঘাস কাটতে যায় দুই ভাই মিন্টা ও হামজা। এসময় প্রতিপক্ষের লোকজন দেশীয় অস্ত্র ও লাঠিসোঁটা নিয়ে দুই ভায়ের ওপর অতর্কিত হামলা চালায়। এতে দুই ভাই গুরুতর আহত হয়। স্থানীয় লোকজন তাদের কে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালে পৌছানোর পূর্বে হামজা আলীর মৃত্যু হয় ও আধাঘন্টা চিকিৎসাধীন থেকে মিন্টা মিয়ার মৃত্যু হয়।

মোনাখালীতে আমিরুল ইসলামের গণসংযোগ ও পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী মেহেরপুর জেলা বিএনপি’র

সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নে বিএনপি’র চেয়ারপার্সন তারেক রহমানের ৩১ দফা দাবি বাস্তবায়ন সহ ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ করেছেন।

গতকাল শনিবার বিকাল ৪টায় গণসংযোগ এর উদ্দেশ্যে মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের মোনাখালী গ্রামে পৌঁছালে মোনাখালী গ্রামের নওদাপাড়ার বিএনপি নেতা কর্মীরা তাকে স্বাগত জানান।

তিনি মোনাখালি ইউনিয়নের মোনাখালী নওদাপাড়া গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ, পথসভা ও ৩১ দফার লিফলেট বিতরণ করেন। এ সময় সাধারণ জনগনের মাঝে তারেক জিয়ার ৩১ দফা দাবি বাস্তবায়ন সহ ধানের শীষের পক্ষে ভোট প্রদানে জনগনকে উৎসাহিত করেন তিনি। এসময় মোনাখালী ইউনিয়নের গ্রামগুলো বিএনপি’র নেতাকর্মী ও সমর্থকরা রাস্তার দুই ধারে দাঁড়িয়ে হাততালি দিয়ে তাকে স্বাগত জানান এবং আগামী নির্বাচনে ধানের শীষে ভোট দিয়ে জাতীয়তাবাদী দলকে ক্ষমতায় নিয়ে আসার অঙ্গীকার করেন।

গণসংযোগকালে পথসভায় বিএনপি’র নেতা কর্মী ও সমর্থকদের উদ্দেশ্যে তিনি বলেন, ১৬ বছর আওয়ামী লীগের জুলুম নির্যাতন সহ্য করে আন্দোলন সংগ্রামের মধ্য দিয়ে আমরা নতুন একটি দেশ পেয়েছি। আপনারা জাতীয়তাবাদী শক্তিকে শক্তিশালী করে ধানের শীষে ভোট দিয়ে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানকে রাষ্ট্রীয় ক্ষমতায় বসিয়ে ১৬ বছরের আন্দোলন সংগ্রামের সফলতা নিয়ে আসব। বেগম খালেদা জিয়া ও তারেক রহমান যাকে ধানের শীষের প্রতীক দিয়ে আমাদের মাঝে পাঠাবেন আমরা তার হয়ে একযোগে ধানের শীষের পক্ষে ভোট করে তার বিজয় সুনিশ্চিত করব।

গণসংযোগকালে বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী,মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সভাপতি রায়হান কবীর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়ন, ওয়ার্ড, গ্রাম বিএনপি নেতাকর্মীবৃন্দ সহ মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মী উপস্থিত

ছিলেন।

বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে গণসংযোগ করলেন শিক্ষক নেতা জাকির হোসেন

বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী ও শিক্ষক নেতা জাকির হোসেন গণসংযোগ করেছেন।

গতকাল শনিবার মুজিবনগর উপজেলার বাগুয়ান ইউনিয়নের আনন্দবাস, জয়পুর পাড়া, মহল্লা ও বিভিন্ন হাটে জনসংযোগ ও পথসভা করেন তিনি। এ সময় এলাকাবাসীর সঙ্গে কুশল বিনিময় করেন এবং ধানের শীষ প্রতীকের পক্ষে সমর্থন কামনা করেন।

গণসংযোগ শেষে পথসভায় বক্তব্য দেন জাকির হোসেন। তিনি বলেন, একটি মহল ষড়যন্ত্র করে নির্বাচন বানচালের চেষ্টা করছে। জনগণ যেমন ফ্যাসিবাদের পতন ঘটিয়েছে, তেমনি যেকোনো ষড়যন্ত্রও নস্যাৎ করে দেবে।

তিনি আরও বলেন, মেহেরপুরের মানুষ নানা সমস্যায় জর্জরিত। কর্মসংস্থানের অভাবে তরুণরা হতাশ। বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ক্ষমতায় এলে বেকারত্ব নিরসনে কার্যকর উদ্যোগ নেওয়া হবে।

জাকির হোসেন ঘুষ ও দুর্নীতির বিরুদ্ধেও দৃঢ় অবস্থান জানান। তিনি বলেন, মেহেরপুরের অসংখ্য মেধাবী তরুণ ঘুষ দিতে না পারায় চাকরি থেকে বঞ্চিত হচ্ছে। আগামীতে ঘুষ-দুর্নীতির বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা হবে।

গণসংযোগ কর্মসূচিতে স্থানীয় বিএনপি, যুবদল, ছাত্রদলসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

মেহেরপুরের শোলমারী গ্রামে অ্যাডভোকেট কামরুল হাসান উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প

দুস্থ ও অসহায় মানুষের চিকিৎসা সেবা নিশ্চিত করতে মেহেরপুরের শোলমারী গ্রামে দিনব্যাপী ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের শোলমারী প্রাথমিক বালিকা বিদ্যালয় এ ক্যাম্পের আয়োজন করেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

কুষ্টিয়া ল্যাব কেয়ারের যৌথ ব্যবস্থাপনায় আয়োজিত ক্যাম্পে ১০ থেকে ১২ জন বিশেষজ্ঞ চিকিৎসক প্রায় ২ শতাধিকের বেশি সাধারণ মানুষকে চিকিৎসা সেবা দেন। একই সঙ্গে প্রাথমিক ও প্রয়োজনীয় ওষুধও বিনামূল্যে বিতরণ করা হয়।

এসময় জেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি আনছারুল হক, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটন, রুমানা আহম্মেদ, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাইদুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু প্রমুখ উপস্থিত ছিলেন।

ধানের শীষে ভোট চেয়ে গণসংযোগ

করলেন শিক্ষক নেতা জাকির

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ফতেহপুর গ্রামের পাড়া মহল্লায় ধানের শীষে ভোট চেয়ে গণসংযোগ করলেন ২০১৮ সালে বিএনপির মনোনীত প্রার্থী শিক্ষক কর্মচারী ঐক্যজোটের মহাসচিব জাকির হোসেন।

গতকাল শুক্রবার বিকালে তিনি এ গণসংযোগ করেন। এসময় তিনি বলেন, দীর্ঘ ১৭ বছর পতিত সেখ হাসিনা মানুষের ভোটের অধিকার হরণ করেছিল। ছাত্র জনতা ও গণতন্ত্রকামী রাজনৈতিক দলগুলোর আন্দোলন সংগ্রামের মধ্য দিয়ে মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠিত হয়েছে।

বাংলাদেশের জণগণ ভোট দেয়ার জন্যে মুখিয়ে আছে। বিএনপির ৩১ দফা তুলে ধরে মেহেরপুর জেলা বিএনপির সাবেক সদস্য জাকির হোসেন আরো বলেন, সুখি সমৃদ্ধ মেহেরপুর গড়তে সাধারন মানুষ ধানের শীষে ভোট দিবেন ইনশাআল্লাহ।

তিনি বলেন, জনগণের সমর্থনে বাংলাদেশ জাতীয়তাবাদ দল সরকার গঠন করবে এবং সেই সরকারের প্রধানমন্ত্রী হবেন জননেতা তারেক রহমান। দল যার হাতে ধানের শীষ তুলে দিবে জনগণ তাকেই ভোট দিয়ে জয়যুক্ত করবেন।

কর্মমুখী মেহেরপুর গড়ে তোলার প্রতিশ্রুতি দিয়ে জাকির হোসেন বলেন, মেহেরপুর একটি অনুন্নত জনপদ। মেহেরপুরের উন্নয়ন করতে হলে বেকারত্ব দূর করতে হবে।

একই দিন সন্ধ্যার পরে তিনি মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামেও গণসংযোগ করেন।

মেহেরপুরের মোনাখালিতে ইউনিয়ন

বিএনপি’র আঞ্চলিক অফিস উদ্বোধন

মোনাখালি ইউনিয়ন বিএনপি’র আঞ্চলিক অফিস উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাত ৯ টার সময় মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য এবং বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য মাসুদ অরুন প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে শিবপুর গলাকাটা মোড়ে মোনাখালি ইউনিয়ন বিএনপি’র আঞ্চলিক উদ্বোধন করেন। উদ্বোধন শেষে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বিএনপি নেতা মিয়ারুল গাজীর সভাপতিত্বে এবং মেহেরপুর কোর্টের এপিপি এ্যাড: সেলিম গাজীর সঞ্চালনায় অতিথি হিসাবে উপস্হিত থেকে বক্তব্য রাখেন, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য এবং বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য মাসুদ অরুন।
অফিস উদ্বোধন ও সমাবেশে উপস্হিত থেকে বক্তব্য রাখেন, জেলা সেচ্ছাসেবক দলের সাবেক সহসভাপতি আজিমউদ্দীন গাজী,

মুজিবনগর উপজেলা সেচ্ছাসেবক দলের সাবেক সাধারণ সম্পাদক জুলফিকার আলী ভুট্টু (মেম্বার) মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির। উপজেলা যুবদলের যুগ্ন আহ্বায়ক শাহিনুর রহমান।

এ সময় উপস্হিত ছিলেন, মোনাখালী ইউনিয়ন কৃষকদলের সভাপতি আসাদুল শেখ। মোনাখালী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি রাহুলসহ শিবপুর গ্রামের বিএনপি নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুর-১ আসনের মনোনয়ন

প্রত্যাশী আমিরুল ইসলামের গণসংযোগ ও পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী মেহেরপুর জেলা বিএনপি’র সিনিয়র যুগ্নআহবায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নে বিএনপি’র চেয়ারপার্সন তারেক রহমানের ৩১ দফা দাবি বাস্তবায়ন সহ ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ করেছেন।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৪ টাই গণসংযোগ এর উদ্দেশ্যে মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের কোমরপুর গ্রামে বাজারে পৌঁছালে কোমরপুর গ্রামের বিএনপি নেতা কর্মীরা তাকে স্বাগত জানান।

তিনি মহাজনপুর ইউনিয়নের কোমরপুর গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ পথসভা ও ৩১ দফার লিফলেট বিতরণ করেন।

এ সময় সাধারণ জনগনের মাঝে তারেক জিয়ার ৩১ দফা দাবি বাস্তবায়ন সহ ধানের শীষের পক্ষে ভোট প্রদানে জনগনকে উৎসাহিত করেন তিনি।

এ সময় মহাজনপুর ইউনিয়নের গ্রামগুলোর বিএনপি’র নেতা কর্মী ও সমর্থকরা রাস্তার দুই ধারে দাঁড়িয়ে হাততালি দিয়ে তাকে স্বাগত জানান এবং আগামী নির্বাচনে ধানের শীষে ভোট দিয়ে জাতীয়তাবাদী দলকে ক্ষমতায় নিয়ে আসার অঙ্গীকার করেন।

গণসংযোগকালে পথসভায় বিএনপি’র নেতা কর্মী ও সমর্থকদের উদ্দেশ্যে তিনি বলেন, ১৬ বছর আওয়ামী লীগের জুলুম নির্যাতন সহ্য করে আন্দোলন সংগ্রামের মধ্য দিয়ে আমরা নতুন একটি দেশ পেয়েছি।

আপনারা জাতীয়তাবাদী শক্তিকে শক্তিশালী করে ধানের শীষে ভোট দিয়ে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানকে রাষ্ট্রীয় ক্ষমতায় বসিয়ে ১৬ বছরের আন্দোলন সংগ্রামের সফলতা নিয়ে আসব। বেগম খালেদা জিয়া ও তারেক রহমান যাকে ধানের শীষের প্রতীক দিয়ে আমাদের মাঝে পাঠাবেন আমরা তার হয়ে একযোগে ধানের শীষের পক্ষে ভোট করে তার বিজয় সুনিশ্চিত করব।

গণসংযোগকালে মুজিবনগর উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আনোয়ারুল হক কালু,

বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম,সাধারণ সম্পাদক ইসলাম আলী,মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর,সাধারন সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর, সাধারন সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়ন,ওয়ার্ড,গ্রাম বিএনপি নেতাকর্মী বৃন্দ সহ মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডে মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত

মেহেরপুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডে মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন, জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জননেতা অ্যাডভোকেট কামরুল হাসান।

আরও উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সভাপতি বড় বাবু, সাধারণ সম্পাদক এহান উদ্দিন মনা প্রমুখ।

মেহেরপুর জেলা ছাত্রদলের

সমাবেশ ও মিছিল

“আমার প্রথম ভোট বাংলাদেশের পক্ষে হোক, আমার প্রথম ভোট ধানের শীষের পক্ষে হোক” এই স্লোগানকে সামনে রেখে সমবেশ ও মিছিল করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর সড়ক বিভাগের সামনে থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

আগে সেখানে সমাবেশ করা হয়। সমাবেশের সভাপতিত্ব করেন জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির।

সঞ্চালনা করেন জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

বক্তারা বলেন, ছাত্রদলের স্লোগান আমার প্রথম ভোট বাংলাদেশের পক্ষে হোক, আমার প্রথম ভোট ধানের শীষের পক্ষে হোক। একটি মহল জুলাই অভ্যুত্থান নিয়ে ষড়যন্ত্র করছে। এর আগে স্বৈরাচার হাসিনা একাত্তরের মুক্তিযোদ্ধা চেতনা নিয়ে জনগণের সাথে ধোঁকাবাজি করেছে। আরেকদল ধর্মকে পুঁজি করে মানুষের কাছে বিভ্রান্ত ছড়াচ্ছে। আমাদের সকলকে ঐক্য থাকতে হবে। সমস্ত ষড়যন্ত্রকে রুখতে হবে। বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিবিসিকে সাক্ষাৎকার দেওয়াটা বাংলাদেশের জন্য একটি দলিল।

গাংনীতে বিএনপি নেতার টোকেনে

কৃষকের সার

গাংনীর ধানখোলা ইউনিয়নে বিএনপি নেতার টোকেনে মিলছে কৃষকদের সার।জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ও ধানখোলা ইউপির সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামানের দেওয়া টোকেন ছাড়া কৃষকদের সার দেওয়া হচ্ছে না।

ফলে প্রকৃত কৃষক হয়েও টোকেন না থাকায় সার পাচ্ছেন না অনেক কৃষক। এই ইউনিয়নে বিসিআইসি সারের সরবরাহে উঠেছে ব্যাপক অনিয়মের অভিযোগ।

সরেজমিনে ধানখোলা ইউনিয়নের মেসার্স এন আর এন্টারপ্রাইজের সরকারি অনুমোদিত ডিলার পয়েন্টে গিয়ে দেখা যায়, প্রায় অর্ধশতাধিক কৃষক সার পাওয়ার আশায় দীর্ঘ লাইনে দাঁড়িয়ে আছেন। বিএনপি নেতা আখেরুজ্জামানের দেয়া টোকেন না থাকায় তারা সার পাচ্ছেন না। অপরদিকে, যাদের কাছে ওই বিএনপি নেতার দেওয়া টোকেন রয়েছে, তারা সরাসরি সার সংগ্রহ করছেন। আবার অনেকে, ডিলার এনামুলের অনুগত হওয়ায় অন্য ইউনিয়নের কৃষকরাও সার পাচ্ছেন।

পাকুরিয়া গ্রামের কৃষক বুলবুল হোসেন জানান, চেয়ারম্যান আখেরুজ্জামান আমাকে ও আকবর হোসেনকে সার নেয়ার টোকেন দিয়েছেন। সেই টোকেন দেখিয়ে আজ সার নিতে এসেছি। তবে আশরাফুল নামের অপর একজন কৃষক ক্ষোভ প্রকাশ করে বলেন, “আমি কয়েকদিন ধরে সার পাওয়ার জন্য লাইনে দাঁড়াচ্ছি, কিন্তু টোকেন নেই বলে আমাকে সার দেয়া হচ্ছে না। অথচ যাদের টোকেন আছে, তারা কৃষক না হলেও সহজেই সার পাচ্ছে।

গাঁড়াডোব গ্রামের কৃষক শাহীন বলেন, সারের নামে এখন টোকেন বাণিজ্য চলছে। যাদের পরিচয় আছে, তারাই পাচ্ছে সার। বাকি সবাই বঞ্চিত।

এ প্রসঙ্গে এন আর এন্টারপ্রাইজের ম্যানেজার মনিরুজ্জামান বলেন, সার সংকট রয়েছে, তাই অযথা ভিড় ও বিশৃঙ্খলা এড়াতে সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামানের দেওয়া টোকেন অনুযায়ী সার দেওয়া হচ্ছে।

ডিলার এনামুল হোসেন আরও বলেন, আমরা স্বল্প পরিমাণে সার বরাদ্দ পেয়েছি। ব্যক্তি সনাক্তের জন্য টোকেনের মাধ্যমে সার দেয়া হচ্ছে।

তবে, অন্য ইউনিয়নের কৃষকদের সার দেয়ার ব্যাপারে তিনি কোন সদুত্তর দিতে পারেননি।

জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান বলেন, প্রকৃত কৃষকদের মাঝে সার সুন্দরভাবে বিতরণ করতেই আমরা টোকেন চালু করেছি। এতে কৃষকদের উপকারই হচ্ছে।

এদিকে ধানখোলা ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তারা সাংবাদিকদের জানান, এখানে রাজনৈতিক প্রভাব থাকায় আমরা সার বিতরণে হস্তক্ষেপ করতে পারছি না। এছাড়া ডিলার এনামুল আমাদের সাথে উদ্ধত্যপূর্ণ আচরণ করেছে। চাকরি চলে গেলেও ওই ব্লকের দায়িত্ব নিতে পারবো না।

গাংনী উপজেলা কৃষি কর্মকতা ইমরান হোসেন বলেন, এক ইউনিয়নের ডিলার অন্য ইউনিয়নের কৃষকদের মাঝে সার বিতরণ করতে পারবেন না। সঠিক ও প্রকৃত কৃষকদের মধ্যেই সার বিতরণ নিশ্চিত করতে ডিলারদের নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া বিষয়টি আমরা সর্বত্র মনিটরিং করছি।